গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৮১ তারিখ : ১১ ফাল্গুন ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি ২০২৫

**বিষয়: ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ-১ মৌসুমে উফশী আউশ বীজ প্রণোদনা কর্মসূচির জি.ও জারি।**

সূত্র: ১) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৭৯, তারিখ-২৪/০২/২০২৫ খ্রি.
২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৮০, তারিখ-২৪/০২/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে, অর্থ বিভাগের অনুমোদনক্রমে ২০২৪-২৫ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে খরিপ-১ মৌসুমে উফশী আউশ আবাদ ও উৎপাদন বৃদ্ধির নিমিত্ত ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণের জন্য প্রণোদনা কর্মসূচি বাবদ ছাড়কৃত ৪৯০১.৭৮৫ (উনপঞ্চাশ কোটি এক লক্ষ আটাত্তর হাজার পাঁচশত) টাকা নিম্নে বর্ণিত ০২ নং অনুচ্ছেদে জেলাওয়ারী প্রণোদনা কর্মসূচির বিবরণ, ০৩ নং অনুচ্ছেদে উল্লিখিত বাস্তবায়ন পদ্ধতি, শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

০২। এ প্রণোদনা কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি)

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/ বিঘা) | উপকরণের পরিমান (মে. টন) | | | | উপকরণ ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | ডিএপি সার | এমওপি সার | উপমোট | বীজ | ডিএপি সার | এমওপি সার | উপমোট (সার) | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ১ | ঢাকা | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ৩.২০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ৭.৫২৫ |
| ২ | নারায়ণগঞ্জ | ১৬০০ | ৮.০০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ৫.১২০ | ৩.০৪০ | ২.৮৮০ | ৫.৯২০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১২.০৪০ |
| ৩ | গাজীপুর | ১৬০০ | ৮.০০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ৫.১২০ | ৩.০৪০ | ২.৮৮০ | ৫.৯২০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১২.০৪০ |
| ৪ | নরসিংদী | ১৬০০ | ৮.০০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ৫.১২০ | ৩.০৪০ | ২.৮৮০ | ৫.৯২০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১২.০৪০ |
| ৫ | মুন্সীগঞ্জ | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৬.৪০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০ | ১.২৫০ | ১৫.০৫০ |
| ৬ | মানিকগঞ্জ | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ৭ | টাঙ্গাইল | ২৬০০ | ১৩.০০ | ২৬.০০ | ২৬.০০ | ৫২.০০ | ৮.৩২০ | ৪.৯৪০ | ৪.৬৮০ | ৯.৬২০ | ০.৯৭৫ | ০.৬৫০ | ১.৬২৫ | ১৯.৫৬৫ |
| ৮ | কিশোরগঞ্জ | ১৫০০০ | ৭৫.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৪৮.০০০ | ২৮.৫০০ | ২৭.০০০ | ৫৫.৫০০ | ৫.৬২৫ | ৩.৭৫০ | ৯.৩৭৫ | ১১২.৮৭৫ |
| ৯ | ময়মনসিংহ | ১৭০০০ | ৮৫.০০ | ১৭০.০০ | ১৭০.০০ | ৩৪০.০০ | ৫৪.৪০০ | ৩২.৩০০ | ৩০.৬০০ | ৬২.৯০০ | ৬.৩৭৫ | ৪.২৫০ | ১০.৬২৫ | ১২৭.৯২৫ |
| ১০ | জামালপুর | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ১১ | শেরপুর | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ১২ | নেত্রকোনা | ২৪০০ | ১২.০০ | ২৪.০০ | ২৪.০০ | ৪৮.০০ | ৭.৬৮০ | ৪.৫৬০ | ৪.৩২০ | ৮.৮৮০ | ০.৯০০ | ০.৬০০ | ১.৫০০ | ১৮.০৬০ |
| ১৩ | কুমিল্লা | ৪৮০০০ | ২৪০.০০ | ৪৮০.০০ | ৪৮০.০০ | ৯৬০.০০ | ১৫৩.৬০০ | ৯১.২০০ | ৮৬.৪০০ | ১৭৭.৬০০ | ১৮.০০০ | ১২.০০০ | ৩০.০০০ | ৩৬১.২০০ |
| ১৪ | চাঁদপুর | ৭৬০০ | ৩৮.০০ | ৭৬.০০ | ৭৬.০০ | ১৫২.০০ | ২৪.৩২০ | ১৪.৪৪০ | ১৩.৬৮০ | ২৮.১২০ | ২.৮৫০ | ১.৯০০ | ৪.৭৫০ | ৫৭.১৯০ |
| ১৫ | ব্রাহ্মণবাড়িয়া | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৩৮.৪০০ | ২২.৮০০ | ২১.৬০০ | ৪৪.৪০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৯০.৩০০ |
| ১৬ | সিলেট | ১১০০০ | ৫৫.০০ | ১১০.০০ | ১১০.০০ | ২২০.০০ | ৩৫.২০০ | ২০.৯০০ | ১৯.৮০০ | ৪০.৭০০ | ৪.১২৫ | ২.৭৫০ | ৬.৮৭৫ | ৮২.৭৭৫ |
| ১৭ | মৌলভীবাজার | ২২০০০ | ১১০.০০ | ২২০.০০ | ২২০.০০ | ৪৪০.০০ | ৭০.৪০০ | ৪১.৮০০ | ৩৯.৬০০ | ৮১.৪০০ | ৮.২৫০ | ৫.৫০০ | ১৩.৭৫০ | ১৬৫.৫৫০ |
| ১৮ | হবিগঞ্জ | ২৯০০০ | ১৪৫.০০ | ২৯০.০০ | ২৯০.০০ | ৫৮০.০০ | ৯২.৮০০ | ৫৫.১০০ | ৫২.২০০ | ১০৭.৩০০ | ১০.৮৭৫ | ৭.২৫০ | ১৮.১২৫ | ২১৮.২২৫ |
| ১৯ | সুনামগঞ্জ | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৬.০০০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩৭.৬২৫ |
| ২০ | চট্টগ্রাম | ১৭৪০০ | ৮৭.০০ | ১৭৪.০০ | ১৭৪.০০ | ৩৪৮.০০ | ৫৫.৬৮০ | ৩৩.০৬০ | ৩১.৩২০ | ৬৪.৩৮০ | ৬.৫২৫ | ৪.৩৫০ | ১০.৮৭৫ | ১৩০.৯৩৫ |
| ২১ | কক্সবাজার | ২৪০০ | ১২.০০ | ২৪.০০ | ২৪.০০ | ৪৮.০০ | ৭.৬৮০ | ৪.৫৬০ | ৪.৩২০ | ৮.৮৮০ | ০.৯০০ | ০.৬০০ | ১.৫০০ | ১৮.০৬০ |
| ২২ | নোয়াখালী | ২০০০০ | ১০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৬৪.০০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৭.৫০০ | ৫.০০০ | ১২.৫০০ | ১৫০.৫০০ |
| ২৩ | ফেনী | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৬.০০০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩৭.৬২৫ |
| ২৪ | লক্ষীপুর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৩৮.৪০০ | ২২.৮০০ | ২১.৬০০ | ৪৪.৪০০ | ৪.৫০০ | ৩.০০০ | ৭.৫০০ | ৯০.৩০০ |
| ২৫ | রাংগামাটি | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৬.৪০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০ | ১.২৫০ | ১৫.০৫০ |
| ২৬ | খাগরাছড়ি | ১৬০০ | ৮.০০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ৫.১২০ | ৩.০৪০ | ২.৮৮০ | ৫.৯২০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১২.০৪০ |
| ২৭ | বান্দরবন | ২৬০০ | ১৩.০০ | ২৬.০০ | ২৬.০০ | ৫২.০০ | ৮.৩২০ | ৪.৯৪০ | ৪.৬৮০ | ৯.৬২০ | ০.৯৭৫ | ০.৬৫০ | ১.৬২৫ | ১৯.৫৬৫ |
| ২৮ | রাজশাহী | ৩০০০০ | ১৫০.০০ | ৩০০.০০ | ৩০০.০০ | ৬০০.০০ | ৯৬.০০০ | ৫৭.০০০ | ৫৪.০০০ | ১১১.০০০ | ১১.২৫০ | ৭.৫০০ | ১৮.৭৫০ | ২২৫.৭৫০ |
| ২৯ | নওগাঁ | ৪০০০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৪০০.০০ | ৮০০.০০ | ১২৮.০০০ | ৭৬.০০০ | ৭২.০০০ | ১৪৮.০০০ | ১৫.০০০ | ১০.০০০ | ২৫.০০০ | ৩০১.০০০ |
| ৩০ | নাটোর | ৬৬০০ | ৩৩.০০ | ৬৬.০০ | ৬৬.০০ | ১৩২.০০ | ২১.১২০ | ১২.৫৪০ | ১১.৮৮০ | ২৪.৪২০ | ২.৪৭৫ | ১.৬৫০ | ৪.১২৫ | ৪৯.৬৬৫ |
| ৩১ | চাঁপাই নবাবগঞ্জ | ২৭০০০ | ১৩৫.০০ | ২৭০.০০ | ২৭০.০০ | ৫৪০.০০ | ৮৬.৪০০ | ৫১.৩০০ | ৪৮.৬০০ | ৯৯.৯০০ | ১০.১২৫ | ৬.৭৫০ | ১৬.৮৭৫ | ২০৩.১৭৫ |
| ৩২ | বগুড়া | ৭৬০০ | ৩৮.০০ | ৭৬.০০ | ৭৬.০০ | ১৫২.০০ | ২৪.৩২০ | ১৪.৪৪০ | ১৩.৬৮০ | ২৮.১২০ | ২.৮৫০ | ১.৯০০ | ৪.৭৫০ | ৫৭.১৯০ |
| ৩৩ | জয়পুরহাট | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ৩.২০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ৭.৫২৫ |
| ৩৪ | পাবনা | ১৪০০০ | ৭০.০০ | ১৪০.০০ | ১৪০.০০ | ২৮০.০০ | ৪৪.৮০০ | ২৬.৬০০ | ২৫.২০০ | ৫১.৮০০ | ৫.২৫০ | ৩.৫০০ | ৮.৭৫০ | ১০৫.৩৫০ |
| ৩৫ | সিরাজগঞ্জ | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ৩৬ | রংপুর | ১৩০০০ | ৬৫.০০ | ১৩০.০০ | ১৩০.০০ | ২৬০.০০ | ৪১.৬০০ | ২৪.৭০০ | ২৩.৪০০ | ৪৮.১০০ | ৪.৮৭৫ | ৩.২৫০ | ৮.১২৫ | ৯৭.৮২৫ |

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (জন/ বিঘা) | উপকরণের পরিমান (মে. টন) | | | | উপকরণ ব্যয় (লক্ষ টাকা) | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | '৩২৫১১০৯-বীজ ও চারা' | '৩২৫১১০৫-সার' | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | |
| | | | বীজ | ডিএপি সার | এমওপি সার | উপমোট | বীজ | ডিএপি সার | এমওপি সার | উপমোট (সার) | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | উপমোট (অন্যান্য ব্যয়) | |
| ৩৭ | গাইবান্ধা | ৯০০০ | ৪৫.০০ | ৯০.০০ | ৯০.০০ | ১৮০.০০ | ২৮.৮০০ | ১৭.১০০ | ১৬.২০০ | ৩৩.৩০০ | ৩.৩৭৫ | ২.২৫০ | ৫.৬২৫ | ৬৭.৭২৫ |
| ৩৮ | কুড়িগ্রাম | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১২.৮০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ৩০.১০০ |
| ৩৯ | লালমনিরহাট | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১২.৮০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ৩০.১০০ |
| ৪০ | নীলফামারী | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ৩.২০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ৭.৫২৫ |
| ৪১ | দিনাজপুর | ৬৬০০ | ৩৩.০০ | ৬৬.০০ | ৬৬.০০ | ১৩২.০০ | ২১.১২০ | ১২.৫৪০ | ১১.৮৮০ | ২৪.৪২০ | ২.৪৭৫ | ১.৬৫০ | ৪.১২৫ | ৪৯.৬৬৫ |
| ৪২ | ঠাকুরগাঁও | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৫.৬০০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৬০.২০০ |
| ৪৩ | পঞ্চগড় | ১৬০০ | ৮.০০ | ১৬.০০ | ১৬.০০ | ৩২.০০ | ৫.১২০ | ৩.০৪০ | ২.৮৮০ | ৫.৯২০ | ০.৬০০ | ০.৪০০ | ১.০০০ | ১২.০৪০ |
| ৪৪ | যশোর | ১০০০০ | ৫০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ২০০.০০ | ৩২.০০০ | ১৯.০০০ | ১৮.০০০ | ৩৭.০০০ | ৩.৭৫০ | ২.৫০০ | ৬.২৫০ | ৭৫.২৫০ |
| ৪৫ | ঝিনাইদহ | ২৬৬০০ | ১৩৩.০০ | ২৬৬.০০ | ২৬৬.০০ | ৫৩২.০০ | ৮৫.১২০ | ৫০.৫৪০ | ৪৭.৮৮০ | ৯৮.৪২০ | ৯.৯৭৫ | ৬.৬৫০ | ১৬.৬২৫ | ২০০.১৬৫ |
| ৪৬ | মাগুড়া | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১২.৮০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ৩০.১০০ |
| ৪৭ | কুষ্টিয়া | ২০০০০ | ১০০.০০ | ২০০.০০ | ২০০.০০ | ৪০০.০০ | ৬৪.০০০ | ৩৮.০০০ | ৩৬.০০০ | ৭৪.০০০ | ৭.৫০০ | ৫.০০০ | ১২.৫০০ | ১৫০.৫০০ |
| ৪৮ | চুয়াডাঙ্গা | ২৯০০০ | ১৪৫.০০ | ২৯০.০০ | ২৯০.০০ | ৫৮০.০০ | ৯২.৮০০ | ৫৫.১০০ | ৫২.২০০ | ১০৭.৩০০ | ১০.৮৭৫ | ৭.২৫০ | ১৮.১২৫ | ২১৮.২২৫ |
| ৪৯ | মেহেরপুর | ১২০০০ | ৬০.০০ | ১২০.০০ | ১২০.০০ | ২৪০.০০ | ৩৮.৪০০ | ২২.৮০০ | ২১.৬০০ | ৪৪.৪০০ | ৪.৫০০ | ৩:০০০ | ৭.৫০০ | ৯০.৩০০ |
| ৫০ | খুলনা | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৬.৪০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০ | ১.২৫০ | ১৫.০৫০ |
| ৫১ | বাগেরহাট | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ৫২ | সাতক্ষীরা | ৪০০০ | ২০.০০ | ৪০.০০ | ৪০.০০ | ৮০.০০ | ১২.৮০০ | ৭.৬০০ | ৭.২০০ | ১৪.৮০০ | ১.৫০০ | ১.০০০ | ২.৫০০ | ৩০.১০০ |
| ৫৩ | নড়াইল | ৫০০০ | ২৫.০০ | ৫০.০০ | ৫০.০০ | ১০০.০০ | ১৬.০০০ | ৯.৫০০ | ৯.০০০ | ১৮.৫০০ | ১.৮৭৫ | ১.২৫০ | ৩.১২৫ | ৩৭.৬২৫ |
| ৫৪ | বরিশাল | ৩০০০ | ১৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৬০.০০ | ৯.৬০০ | ৫.৭০০ | ৫.৪০০ | ১১.১০০ | ১.১২৫ | ০.৭৫০ | ১.৮৭৫ | ২২.৫৭৫ |
| ৫৫ | পিরোজপুর | ৯০০০ | ৪৫.০০ | ৯০.০০ | ৯০.০০ | ১৮০.০০ | ২৮.৮০০ | ১৭.১০০ | ১৬.২০০ | ৩৩.৩০০ | ৩.৩৭৫ | ২.২৫০ | ৫.৬২৫ | ৬৭.৭২৫ |
| ৫৬ | ঝালকাঠি | ৬৬০০ | ৩৩.০০ | ৬৬.০০ | ৬৬.০০ | ১৩২.০০ | ২১.১২০ | ১২.৫৪০ | ১১.৮৮০ | ২৪.৪২০ | ২.৪৭৫ | ১.৬৫০ | ৪.১২৫ | ৪৯.৬৬৫ |
| ৫৭ | পটুয়াখালী | ৯৪০০ | ৪৭.০০ | ৯৪.০০ | ৯৪.০০ | ১৮৮.০০ | ৩০.০৮০ | ১৭.৮৬০ | ১৬.৯২০ | ৩৪.৭৮০ | ৩.৫২৫ | ২.৩৫০ | ৫.৮৭৫ | ৭০.৭৩৫ |
| ৫৮ | বরগুনা | ২৪৪০০ | ১২২.০০ | ২৪৪.০০ | ২৪৪.০০ | ৪৮৮.০০ | ৭৮.০৮০ | ৪৬.৩৬০ | ৪৩.৯২০ | ৯০.২৮০ | ৯.১৫০ | ৬.১০০ | ১৫.২৫০ | ১৮৩.৬১০ |
| ৫৯ | ভোলা | ৩৯৬০০ | ১৯৮.০০ | ৩৯৬.০০ | ৩৯৬.০০ | ৭৯২.০০ | ১২৬.৭২০ | ৭৫.২৪০ | ৭১.২৮০ | ১৪৬.৫২০ | ১৪.৮৫০ | ৯.৯০০ | ২৪.৭৫০ | ২৯৭.৯৯০ |
| ৬০ | ফরিদপুর | ২৬০০ | ১৩.০০ | ২৬.০০ | ২৬.০০ | ৫২.০০ | ৮.৩২০ | ৪.৯৪০ | ৪.৬৮০ | ৯.৬২০ | ০.৯৭৫ | ০.৬৫০ | ১.৬২৫ | ১৯.৫৬৫ |
| ৬১ | মাদারীপুর | ১০০০ | ৫.০০ | ১০.০০ | ১০.০০ | ২০.০০ | ৩.২০০ | ১.৯০০ | ১.৮০০ | ৩.৭০০ | ০.৩৭৫ | ০.২৫০ | ০.৬২৫ | ৭.৫২৫ |
| ৬২ | গোপালগঞ্জ | ২০০০ | ১০.০০ | ২০.০০ | ২০.০০ | ৪০.০০ | ৬.৪০০ | ৩.৮০০ | ৩.৬০০ | ৭.৪০০ | ০.৭৫০ | ০.৫০০ | ১.২৫০ | ১৫.০৫০ |
| ৬৩ | রাজবাড়ী | ২৪০০ | ১২.০০ | ২৪.০০ | ২৪.০০ | ৪৮.০০ | ৭.৬৮০ | ৪.৫৬০ | ৪.৩২০ | ৮.৮৮০ | ০.৯০০ | ০.৬০০ | ১.৫০০ | ১৮.০৬০ |
| ৬৪ | শরীয়তপুর | ৮০০০ | ৪০.০০ | ৮০.০০ | ৮০.০০ | ১৬০.০০ | ২৫.৬০০ | ১৫.২০০ | ১৪.৪০০ | ২৯.৬০০ | ৩.০০০ | ২.০০০ | ৫.০০০ | ৬০.২০০ |
| | **মোট** | **৬৫১৪০০** | ৩২৫৭.০০ | ৬৫১৪.০০ | ৬৫১৪.০০ | ১৩০২৮.০০ | **২০৮৪.৪৮** | ১২৩৭.৬৬০ | ১১৭২.৫২ | **২৪১০.১৮** | ২৪৪.২৭৫ | ১৬২.৮৫০ | **৪০৭.১২৫** | ৪৯০১.৭৮৫ |

*একজন কৃষক এক বিঘা জমির জন্য ৫ কেজি বীজ (৫×৬৪=৩২০ টাকা), ১০ কেজি ডিএপি (১০×১৯= ১৯০ টাকা) এবং এমওপি (১০×১৮=১৮০ টাকা) পাবেন।

* জেলা সদর হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবে।

০৪। কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি এবং এ সংক্রান্ত অর্থ ব্যয়ের শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

২. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি লক্ষ্যমাত্রা অনুযায়ী উপজেলাওয়ারী কৃষক সংখ্যা বিভাজন করবেন। উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি সভা করবেন এবং সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক নির্বাচন করে অগ্রাধিকারভিত্তিতে খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির তত্ত্বাবধানে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন ও উপকরণ বিতরণসহ অন্যান্য কার্যক্রম বরাদ্দকৃত অর্থ হতে এ আদেশে বর্ণিত পদ্ধতি ও শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে (E-mail- admonitoring@dae.gov.bd/ ddmonitoring@yahoo.com) প্রেরণ করবেন। পরবর্তীতে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক সমন্বিত প্রতিবেদন সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd/ moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৩. কর্মসূচি প্রাপ্তির পর উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি দ্রুততম সময়ে তালিকাভুক্ত কৃষকের মাঝে উপকরণ বিতরণ কার্যক্রম শুরু করবেন। কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সংশ্লিষ্ট ব্লকের উপসহকারী কৃষি কর্মকর্তা এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টাররোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপসহকারী কৃষি কর্মকর্তা এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন। বিতরণকৃত উপকরণ বা অর্থ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থাতেই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে প্রদান করা যাবে না;

৪. এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন, কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা একজনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

৫. খরিপ-১/২০২৪-২৫ মৌসুমে উফশী আউশ চাষে সহযোগিতার জন্য প্রান্তিক ও ক্ষুদ্র, আউশ ধান চাষে আগ্রহী এবং আবাদি জমি আছে এমন কৃষকগণই প্রণোদনা সহায়তা পাবেন। অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক উফশী আউশ চাষের জন্য ৫ কেজি করে উফশী আউশ ধানের বীজ, ১০ কেজি করে ডিএপি সার ও ১০ কেজি করে এমওপি সার সহায়তা পাবেন;

৬. স্থানীয় উপযোগিতার ভিত্তিতে অধিক ফলনশীল উফশী আউশ ধানের প্রত্যায়িত/মানঘোষিত বীজ (জাত: ব্রিধান-৪৮/ব্রিধান-৮২/ ব্রিধান-৮৫/ব্রিধান-৯৮/বিনা ধান-১৯/ বিনা ধান-২১ বা অন্যান্য স্থানীয় উপযোগী উফশী আউশ বীজ) বিএডিসি (৮০%) এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের তালিকাভুক্ত বীজ উদ্যোক্তাগণের নিকট (২০%) হতে নির্ধারিত মূল্যে সন্তোষজনক অঙ্কুরোদগম পরীক্ষা সাপেক্ষে জেলা/উপজেলা পুনর্বাসন কমিটির সিদ্ধান্ত মোতাবেক সংগ্রহ করতে হবে। প্রয়োজনে কর্তৃপক্ষ এ হার হ্রাস-বৃদ্ধি করতে পারবেন। এ কর্মসূচির আওতায় বিতরণযোগ্য উফশী আউশ ধান বীজের অঙ্কুরোদগম ক্ষমতা, বিশুদ্ধতা ও উৎপাদন ক্ষমতা অবশ্যই সংশ্লিষ্ট জাতের কাঙ্ক্ষিত মানের হতে হবে। কাঙ্ক্ষিত মানের না হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্তৃপক্ষ দায়ী থাকবেন।

৭. প্রতি ব্লকে উফশী আউশ চাষের উপযোগী জমি ও উপযুক্ত আগ্রহী কমপক্ষে ৫ থেকে ১০ জন কৃষক নির্বাচন করা যেতে পারে, যাদের পাশাপাশি আবাদি জমি থাকবে এবং যারা দলবদ্ধভাবে কাজ করবে। এ ক্ষেত্রে কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজনের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় উপকরণ সহায়তা হিসেবে অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ৫ (পাঁচ) জনের একটি গ্রুপ করে প্রতি গ্রুপে ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা ডিএপি ও ৫০ কেজি ওজনের ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে;

৮. কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে;

৯. জেলা সদর হতে উপজেলার দূরত্ব ও বাস্তবতার নিরিখে পরিবহন ব্যয় জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবে;

১০. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনা জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন এবং এর ০১ (এক) কপি ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০৩ পার্বত্য জেলার (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করবেন। এছাড়া, উপকারভোগী কৃষকের তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১১. এ কর্মসূচির আওতায় ফসল কর্তন শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন **ই-মেইলযোগে admonitoring@dae.gov.bd/ ddimplement@dae.gov.bd_এ প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন;**

১২. প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার পরে যথাসম্ভব দ্রুততার সাথে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক admonitoring@dae.gov.bd/ddmonitoring@yahoo.com ই-মেইলে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি ৬১ জেলার জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি এবং ০৩ পার্বত্য জেলার (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) জেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে। **অগ্রিম উত্তোলিত অর্থ ৩০ জুন ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই সমন্বয় করতে হবে।** কোনোভাবেই বিলম্ব গ্রহণযোগ্য হবে না;

১৩. **সার, বীজ ও অন্যান্য ব্যয় বাবদ অর্থ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে;**

১৪. **এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য প্রণোদনা/ পুনর্বাসন কর্মসূচির সাথে দ্বৈততা যেন না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর নিশ্চিত করবে; এবং**

১৫. প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য নিম্নোক্ত 'কৃষক তথ্য' ছক পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে **(সরকারি ই-মেইলের (E-mail- admonitoring@dae.gov.bd ও ddmonitoring@yahoo.com) মাধ্যমে প্রেরণ করা হলে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)** প্রেরণ করতে হবেঃ

জেলার নাম:

উপজেলার নাম:

ইউনিয়ন/ পৌরসভার নাম :

গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| ক্রঃ নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ/ সার সহায়তার বিবরণ | ফসল উৎপাদন পর্যন্ত উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের নাম-<br>সারের পরিমাণ- | |

28/02/2025

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

**বিতরণ: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. চেয়ারম্যান, জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি) ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি।
২. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৬১ জেলা)।

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০০১.২২.৮১

তারিখ : ১১ ফাল্গুন ১৪৩১ / ২৪ ফেব্রুয়ারি ২০২৫

**অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৭. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ (রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি)।
১০. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
১৪. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট জেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা) **(শর্ত মোতাবেক যথাসময়ে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৮. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে ব্যয় সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের অনুরোধসহ)**।
১৯. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
২০. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব